

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

### **Press Release**

09 January 2013

## **Ambassador Akramul Qader at the Elizabeth City State University Khan Planetarium dedication ceremony**

Bangladesh Ambassador to the USA Mr. Akramul Qader attended the dedication ceremony of the recently unveiled Khan Planetarium at the Elizabeth City State University of North Carolina on January 8, 2012. Alongside the ECSU Chancellor, Dr. Willie J. Gilchrist, ECSU Trustee Board member Bishop Ernest R. Sutton, President of the Livingstone College Dr. Jimmy R. Jenkins, and other senior faculty members, Ambassador Qader also spoke as an invited speaker. In honour of the academic excellence and service of Dr. Sultana Ahmed Khan at the ECSU, a Bangladeshi born scientist and senior faculty member, the University authorities decided to name its planetarium after her. Dr. Sultana Ahmed Khan joined the ECSU faculty in September of 1978 and has been serving there with high reputation. She was deeply engaged in setting up the planetarium in 1990 and has been serving as its director since then.

In his remarks Ambassador Akramul Qader stated that he is proud to attend the event as Bangladesh's ambassador. Mr. Qader said that the ECSU's decision to honour the Bangladeshi born scientist's hard work and excellence would inspire the succeeding generation of Bangladeshi professors and researchers serving in other top-notch US institutions. Dr. Sultana Khan delivered the closing remarks before the Planetarium's name was formally unveiled.

---

**Contact:** Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax : 202-244-2771\7830, e-mail : [bdoot\\_pwash@yahoo.com](mailto:bdoot_pwash@yahoo.com)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## প্রেস বিজ্ঞপ্তি

৯ জানুয়ারী ২০১৩

### এলিজাবেথ সিটি স্টেট ইউনিভার্সিটির খান প্লেনেটরিয়াম ডেডিকেশন অনুষ্ঠানে রাষ্ট্রদূত আকরামুল কাদের

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের গত ৮ জানুয়ারী ২০১৩ তারিখে নর্থ কেরোলিনাস্থ এলিজাবেথ সিটি স্টেট ইউনিভার্সিটির খান প্লেনেটরিয়াম ডেডিকেশন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ডঃ উইলি জে. গিলক্রিস্ট, ট্রাস্টি বোর্ড সদস্য বিশপ আর্নেস্ট আর. সাটন, লিভিংস্টোন কলেজের প্রেসিডেন্ট ড. জিমি আর. জেনকিন্সসহ অন্যান্য উর্ধ্বতন অধ্যাপকদের পাশাপাশি আমন্ত্রিত অতিথি হিসেবে রাষ্ট্রদূত আকরামুল কাদেরও তাঁর বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বাংলাদেশী বংশোদ্ভূত পদার্থবিজ্ঞানী এবং এলিজাবেথ সিটি স্টেট ইউনিভার্সিটির অধ্যাপক ড. সুলতানা আহমেদ খান-এর কৃতিত্বপূর্ণ কর্মজীবনের স্বীকৃতিস্বরূপ বিশ্ববিদ্যালয়ের প্লেনেটরিয়ামটি তাঁর নামে আনুষ্ঠানিকভাবে নামকরণ করা হয়। ড. সুলতানা আহমেদ খান ১৯৭৮ সালে উক্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হিসেবে যোগদান করেন এবং ১৯৯০ সালে প্লেনেটরিয়ামটি নির্মাণে বিশেষ ভূমিকা পালন করেন। প্লেনেটরিয়ামটি প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি তিনি পরিচালক হিসেবে কর্মরত রয়েছেন।

অনুষ্ঠানে আমন্ত্রিত বিশেষ অতিথি হিসেবে রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর বক্তব্যে বলেন যে, অধ্যাপক সুলতানা আহমেদ খান এর পেশাগত সাফল্য বাংলাদেশের জন্য অত্যন্ত গর্বের বিষয়। তিনি বলেন যে, শিক্ষাক্ষেত্রে বিশেষতঃ বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে ড. খান এর অবদানের স্বীকৃতি বাংলাদেশ থেকে আগত নতুন প্রজন্মের শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য এক বিশেষ প্রেরণার উৎস হয়ে থাকবে। ড. সুলতানা খান এর সমাপনী বক্তব্যের পূর্বে প্লেনেটরিয়ামটি আনুষ্ঠানিকভাবে তাঁর নামে নামকরণ করা হয়।

---

যোগাযোগ : স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : [bdoot\\_pwash@yahoo.com](mailto:bdoot_pwash@yahoo.com)